ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৮৪

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘জওয়ানদের সাথে অব্যবস্থার করুণ দৃশ্য’ শিরোনামে ২৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে ‘প্রতিবাদী কলম’-এ প্রকাশিত সংবাদ সম্পর্কে ত্রিপুরা পুলিশের পক্ষ থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, ২০২ জন টিএসআর কর্মীকে ‘রাষ্ট্রীয় একতা দিবসের’ প্যারেডে অংশগ্রহণ করতে বলা হয়। তাদের গান্ধীনগর, আহমেদাবাদে ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে পৌঁছানোর কথা। তাদের ভ্রমণের সুবিধার্থে উত্তর-পূর্বাঞ্চল রেল কর্তৃপক্ষের সাথে আলোচনা করে তাদের জন্য আগরতলা থেকে দিল্লি এবং দিল্লি থেকে আহমেদাবাদ পর্যন্ত ৩টি বিশেষ রেল কোচের ব্যবস্থা করা হয়। কিন্তু তাদের প্রচেষ্টা সত্ত্বেও উৎসবের ঋতু হওয়াতে মাত্র দু’টি কোচের ব্যবস্থা হয়েছে। টিএসআর জওয়ানরা আগরতলা থেকে কেবারিয়ার উদ্দেশ্যে ১৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে রওনা হয় দু’টি কোচে চড়ে। তাই বিশেষ কোচের ব্যবস্থা হয়নি সংবাদটি সত্য নয়। সংবাদটিকে বিকৃত করে পরিবেশন করা হয়েছে।

*******